BANGLADESH VOLLEYBALL FEDERATION
বাংলাদেশ ভলিবল ফেডারেশন

স্মারক নং-৩০১.৯/(২য় বিভাগ লীগ)/২০২৬/০০০১ তারিখঃ- ০১/১০/২০২৬।

বিজ্ঞপ্তি

(জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

সম্পাদক/সাধারণ সম্পাদক/ভারপ্রাপ্ত কর্মকর্তা,

সাবলম্বী সোসাইটি, ঢাকা স্পোর্টিং ক্লাব, নগর সমাজ কল্যাণ, ফ্রেন্ডস ইউনিয়ন ক্লাব, বনানী নবারুণ সংঘ, নবোদয় সংঘ, যুব সংঘ, মাদারটেক মিতালী সংঘ, নবজাতক মজলিশ, সোনালী ব্যাংক স্পোর্টস অ্যান্ড রিক্রিয়েশন ক্লাব, কোয়ান্টাম ফাউন্ডেশন।

বিষয়: **"ঢাকা মহানগরী ২য় বিভাগ ভলিবল লীগ ২০২৬"** আয়োজন প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ভলিবল ফেডারেশনের ব্যবস্থাপনায় **২য় বিভাগ ভলিবল লীগ এর বাছাই পর্ব আগামী ২৫-২৮ অক্টোবর ২০২৬ তারিখে** এবং **২৯ অক্টোবর ২০২৬ তারিখ** হতে **"ঢাকা মহানগরী ২য় বিভাগ ভলিবল লীগ ২০২৬"** এর মূল পর্ব অনুষ্ঠিত হবে।

বাছাই পর্বে অংশগ্রহণকারী দলসমূহের মধ্য হতে শীর্ষ ৪টি দল এবং ২য় বিভাগ ভলিবল লীগের বিদ্যমান দলসমূহের সমন্বয়ে মূল পর্ব অনুষ্ঠিত হবে।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য **আগামী ১৫ অক্টোবর ২০২৬ তারিখের** মধ্যে ২য় বিভাগ ভলিবল লীগের বিদ্যমান নিবন্ধিত ক্লাব/প্রতিষ্ঠান সমূহের স্ব স্ব লেটারহেড প্যাডে সম্মতিপত্রসহ =১,০০০/- (এক হাজার) টাকা এন্ট্রি ফি বাংলাদেশ ভলিবল ফেডারেশনের অনুকূলে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য যে, **২য় বিভাগ ভলিবল লীগ এর 'বাছাই পর্ব'** এবং **মূল পর্ব** তথা **"ঢাকা মহানগরী ২য় বিভাগ ভলিবল লীগ ২০২৬"**-এ অংশগ্রহণকারী সকল খেলোয়াড়ের নতুন রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। খেলোয়াড় রেজিস্ট্রেশন ফি =২০০/- (দুইশত) টাকা। **খেলোয়াড় রেজিস্ট্রেশন ফরম সংযুক্ত**

এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

মোঃ আব্দুল মুমিন সাদ্দাম
সম্পাদক
২য় বিভাগ লীগ উপ-কমিটি
বাংলাদেশ ভলিবল ফেডারেশন
মোবাইল : ০১৭১৭-০১৮৬৮০।

Shaheed Noor Hossain National Volleyball Stadium, Purana Paltan, Dhaka-1000, Bangladesh
+880 2223350103 info@bvf.com.bd bvf.com.bd/ facebook.com/BVF.sports/
x.com/volleyballbd instagram.com/bangladeshvolleyballofficial/ youtube.com/@bangladeshvolleyballfederation